# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ১০ম বিষয় ঃ কৃষি শিক্ষা (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান ঃ ৫০**

[দ্রষ্টব্য: উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও:]

১। শরীফ ৯ম শ্রেণির একজন ছাত্র। যে ক্লাসে জানল যে, বেঁচে থাকার জন্য বাতাস অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান হলেও বায়ুর গতি ভূমি ক্ষয়ের একটি বড় কারণ। প্রাকৃতিক কারণে ভূমিক্ষয় প্রতিহত করা কষ্টকর হলেও অসম্ভব নয়। বিভিন্ন উপায় অবলম্বন করে এসব ভূমিক্ষয়কেও অনেকাংশে রোধ করা সম্ভব।

ক) রিল ভূমিক্ষয় কী? ১
খ) নালা ভূমিক্ষয় কেন হয়? ২
গ) শরীফ ক্লাসে যে ধরণের ভূমিক্ষয়ের কথা জেনেছে তা কীভাবে সংঘটিত হয় ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে যে ধরণের ভূমি ক্ষয়ের কথা আলোচনা করা হয়েছে তা তুমি কীভাবে রোধ করবে? ৪

২। বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মৎস সংরক্ষণ আইন প্রয়োগ না হলে এদেশে মাছের উৎপাদন কমে যাবে। তাই জনগনকে সাথে নিয়ে সরকারের উচিত মৎস সংরক্ষণ আইন প্রয়োগের ব্যবস্থা করা।

ক) মৎস সংরক্ষণ আইন প্রথম কত সালে এদেশে প্রণয়ন হয়? ১
খ) 'জাটকা' মাছ কাকে বলে? ২
গ) মৎস সংরক্ষণ আইনের ৩টি গুরুত্বপূর্ণ বিধি বর্ণনা কর। ৩
ঘ) মৎস সংরক্ষণ আইন এদেশে কীভাবে সঠিকভাবে প্রয়োগ করা যায় বলে তুমি মনে কর? ৪

৩। নিচে ধান ও গমের কয়েকটি জাতের নাম দেওয়া হলো-

| খরা সহিষ্ণু ধান | | খরা সহিষ্ণু গম | |
|---|---|---|---|
| ব্রি ধান-৫৬ | ব্রি ধান-৫৭ | গৌরব | প্রদীপ |

ক) বিরূপ আবহাওয়ায় ফসল চাষের পূর্বশর্ত কী?
খ) মৃত্তিকায় পানি ঘাটতি উদ্ভিদের জন্য ক্ষতিকর কেন?
গ) উদ্দীপকের A জাতের ধানের বৈশিষ্ট্য বর্ণনা কর।
ঘ) উদ্দীপকের B জাতের গমের বৈশিষ্ট্য বর্ণনা কর।

৪। সজিব তার বসতভিটার পাশে তুলসী, অর্জুন, হরীতকী, বহেড়া, আমলকী ইত্যাদি গাছ লাগালেন। কাশেমের ছোট ছেলেটির হাঁপানি রোগ। কয়েকদিন থেকে খুসখুসে কাশি, সাথে অজীর্ণ ও লিভারের দোষ। সজিব তার বাগান থেকে উদ্ভিদের প্রয়োজনীয় অংশ তুলে কাশেমের ছেলেকে দিয়ে খাবার নিয়ম কানুন বলে দিলেন।

ক) ঔষধি উদ্ভিদ কী? ১
খ) গাঁদা ফুলের পাতা ও দূর্বাঘাসের ঔষধি গুণ ব্যাখ্যা কর। ২
গ) সজিব কীভাবে কাশেমের ছেলের চিকিৎসা করবে? ৩
ঘ) রোগ নিরাময়ে উদ্দীপকে উল্লিখিত গাছ পালার ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৫। ঢাকা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী ছাত্র বেলাল নিজ গ্রামের প্রতিবেশি মানসুরকে বটবৃক্ষ কাটতে দেখল। বেলাল দেখল যে, মানসুর গাছ কাটার সঠিক নিয়ম অনুসরণ করেনি। সে মানসুরকে সঠিক নিয়ম সম্পর্কে বলল, এতে অতি সহজেই গাছ কাটতে সক্ষম হলো।

ক) তক্তা বলতে কী বুঝ? ১
খ) কেন সঠিক পদ্ধতিতে গাছ কাটা প্রয়োজন? ২
গ) বেলাল মানসুরকে যে নিয়ম সম্পর্কে বলল তার বর্ণনা দাও। ৩
ঘ) পোকা-মাকড় ও ছত্রাকের হাত থেকে রক্ষার জন্য বেলাল মানসুরকে কী পরামর্শ দিতে পারে বলে তুমি মনে কর। ৪

৬। তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসায় "কৃষি সমবায়" সম্পর্কে আয়োজিত শিক্ষামূলক এক সেমিনারে শিক্ষার্থীরা কৃষি সমবায়ের বিভিন্ন দিক সম্পর্কে বিশদভাবে জানতে পারলো এবং প্রতিবেদন তৈরি করে শ্রেণিতে জমা দিল।

ক) কৃষি সমবায়ের হৃৎপিন্ড কী? ১
খ) কৃষি সমবায় কৃষককে কীভাবে হঠাৎ বিপর্যয় সহনশীলতা যোগায়? ২
গ) শিক্ষার্থীরা উক্ত সেমিনারে কোন্ বিষয় সম্পর্কে জানতে পারলো বর্ণনা কর। ৩
ঘ) কৃষক ও কৃষির উন্নয়নে উক্ত সেমিনারের বিষয় বস্তুটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| খামার | বিষয়বস্তু |
|---|---|
| A | পারিবারিকভাবে শাকসবজি চাষ |
| B | পারিবারিকভাবে হাঁস-মুরগী পালন |
| C | পারিবারিকভাবে গরু-ছাগল পালন |

ক) কাদের দ্বারা পারিবারিক কৃষি খামার পরিচালিত হয়? ১
খ) পোনা মজুদ পরবর্তী ব্যবস্থাপনাগুলো কী কী? ২
গ) A, B ও C এর গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ) C খামারের স্বাস্থ্য ব্যবস্থাপনা বিশ্লেষণ কর। ৪

৮। মিরাজ একজন শিক্ষিত যুবক তিনি চাকরি না পেয়ে ব্যবসা করার চিন্তা করেন। তিনি তার এক বন্ধুর পরামর্শে পারিবারিক দুগ্ধ খামার স্থঅপনের উদ্যোগ নেন। তিনি প্রয়োজনীয় অর্থের জন্য ব্যাংক হতে ঋণ নেন এবং উন্নত জাতের গাভী ক্রয় করে খামার শুরু করেন।

ক) দুধ দোহন কাকে বলে? ১
খ) তাপমাত্রা ও সময় উল্লেখ করে দুধ পাস্তুরি করনের প্রকারভেদ লিখ। ২
গ) মিরাজ তারখামারটি স্থাপনের জন্য কী কী বিষয় অনুসরণ করবেন? বর্ণনা কর। ৩
ঘ) আমাদের দেশের প্রেক্ষাপটে মিরাজের খামার স্থাপনের বিষয়টি মূল্যায়ন কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ১০ম      বিষয় ঃ কৃষি শিক্ষা (বহুনির্বাচনী অভিক্ষা)**

**সময় ঃ ২৫ মিনিট      পূর্ণমান ঃ ২৫**

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১]

১। কোন মাটিকে আদর্শ মাটি বলা হয়?
ক) দোআঁশ খ) বেলে দোঁআশ গ) এঁটেল ঘ) পলি

২। কোনটি নাইট্রোজেন সংগ্রহ করতে পারে?
ক) গম খ) ডাল গ) বেগুন ঘ) আখ

৩। ভূমি ক্ষয়ের প্রধান কারণ কোনটি?
ক) জালোচ্ছাস খ) পাহাড়ি টল গ) বৃষ্টিপাত ঘ) জুম চাষ

৪। বীজের অঙ্কুরোদম ক্ষমতা শতকরা কত হলে ভালো হয়?
ক) ৫০ খ) ৬০ গ) ৭০ ঘ) ৮০

৫। কৃষিপণ্যের মান বাড়াতে দরকার-
i) মান অনুযায়ী গ্রেডিংকরা ii) উৎপাদিত শস্য সংরক্ষণ
iii) শস্যের দেখ ভাল ঠিক মতো করা
নিচের কোন্টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬। পুকুরে ফাইটোপ্লাকটন বেশি উৎপাদিত হয় কী কারণে?
ক) ঘোলাত্ব খ) গভীরতা গ) তাপমাত্রা ঘ) সূর্যালোক

৭। পুকুর শুকালে কোন্ মাছ দূর হবে?
ক) রুই খ) চিংড়ি গ) রাক্ষুসে ঘ) মৃগেল

৮। ৯ ইঞ্চি = কত সে.মি.?
ক) ২১ খ) ২২ গ) ২৩ ঘ) ২৬

৯। কোন্টি গমের জাত?
ক) প্রদীপ খ) গরচা গ) নিজামি ঘ) হরি

১০। উত্তম লবনাক্ত সহিষ্ণু কোন্টি?
ক) নারিকেল খ) মরিচ গ) লেবু ঘ) মটর

১১। 'সৈকত' কোন্ ফসলের জাত?
ক) গম খ) আলু গ) ছোলা ঘ) আখ

১২। গভীর মূল উদ্ভিদ কোন্টি?
ক) তুলা খ) মরিচ গ) গম ঘ) অড়হব

১৩। কোন্টি ধানের স্থানীয় উন্নত জাত?
ক) টেপি খ) গিরবি গ) কালিজিরা ঘ) দুধসর

১৪। ধানে চিটা হয় কখন?
ক) গ্রীষ্ম গ) বর্ষা গ) শরৎ ঘ) শীত

১৫। ধান গাছের ব্লাস্ট কী ঘটিত রোগ?
ক) ভাইরাস খ) ব্যাকটেরিয়া গ) ছত্রাক ঘ) শৈবাল

১৬। কোন্ ফসলটিকে মধু উদ্ভিদ বলা হয়?
ক) পাট খ) ভুট্টা গ) ধান ঘ) সরিষা

১৭। কোন্টি সমতল ভূমির বনের বৃক্ষ?
ক) শাল খ) গেওয়া গ) চাপালিশ ঘ) গর্জন

১৮। বায়বীয় মূল রয়েছে কোন্ উদ্ভিদের?
ক) সুন্দরী খ) শাল গ) মেহগনি ঘ) তেলসুর

১৯। বন আইন লঙ্ঘনের ন্যূনতম জরিমানা কত হাজার টাকা?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২০। সিজনিং কতভাবে করা যায়?
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

২১। সমবায় সংগঠন কৃষি সমবায়ের কী?
ক) ক্ষেত্র খ) জীবন গ) হৃৎপিন্ড ঘ) সংগঠন

২২। সমবায়ীরা লাভবাবন হবে, সংগঠন-
i) দক্ষ হলে ii) সৎ হলে iii) শক্তিশালী হলে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৩। গাভীর পরজীবী হলো-
i) আঠালি ii) মাচ্ছি iii) উকুন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৪। ম্যানগ্রোভ বনের অন্তর্ভুক্ত জেলা-
i) বাগের হাট ii) খুলনা iii) বরিশাল
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৫। রানীক্ষেত কী ধরণের রোগ?
ক) ছত্রাক খ) ভাইরাস গ) ব্যাকটেরিয়া ঘ) উকুন